

সাইলো অধীক্ষকের কার্যালয়, আশুগঞ্জ সাইলো, ব্রাহ্মণবাড়িয়া এর সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ

বিগত তিন বছরে খাদ্য অধিদপ্তরের সহযোগিতায় সাইলো অধীক্ষক, আশুগঞ্জ সাইলো, ব্রাহ্মণবাড়িয়ার উদ্যোগের ফলে সাইলোর গ্রহণ ও প্রেরণ কার্যক্রম স্বাভাবিক ছিলো। বিদেশ থেকে আমদানিকৃত গমদ্রুত খালাস ও খাদ্য অধিদপ্তরের চসসা বিভাগের চলাচল সূচী অনুযায়ী গম বিভিন্ন কেন্দ্রে দ্রুত প্রেরণ করা হয়েছে। সাইলোর গম খালাসের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে সাইলোর ২টি হপারস্কেল Precia Molen প্রতিষ্ঠান দ্বারা আধুনিকায়ন করা হয়েছে। খাদ্য অধিদপ্তরের বিভিন্ন বিতরণ খাতের বিভিন্ন কর্মসূচীর গম আশুগঞ্জ সাইলো থেকে যথাসময়ে সঠিক নিয়মে প্রেরণ করা হয়েছে। বিগত তিন অর্থ বছর ও চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরের জুন ২০২৫ পর্যন্ত আশুগঞ্জ সাইলোতে সর্বমোট গৃহীত গমের পরিমাণ ছিলো ১,৩০,৮৬০.২২৬ মেঃটন এবং বিভিন্ন চলাচল সূচির আওতায় প্রেরণকৃত গমের পরিমাণ ছিলো ৯৮,৬৩৫.৪৪৭ মেঃটন। যা সর্বমোট টার্গেট হলে ২,২৯,৪৯৫.৬৭৩ মেঃটন।

করোনা ভাইরাসজনিত মহামারীর সময়ে সরকারী স্বার্থে আশুগঞ্জ সাইলো নিরবচ্ছিন্নভাবে সেবা প্রদান করেছে।

এছাড়াও সৌন্দর্যবর্ধন এবং পরিষ্কার পরিচ্ছন্নতার নিমিত্তে

- সাইলো ভবনটি নতুনভাবে রঙ করণ করা হয়েছে;
- ঠিকাদারদের বসার জন্য বিশ্রাম কক্ষ ও টয়লেট নির্মান করা হয়েছে;
- শ্রমিকদের সুবিধার্থে ব্যাগিং প্লান্ট সংলগ্ন স্থানে বসার স্থান ও টয়লেট নির্মান করা হয়েছে;
- সৌন্দর্যবর্ধনে গাছের আলাদা ছাটাই ও গোড়ালিতে রং করা হয়েছে;
- মহিলা ষ্টাফদের জন্যে আলাদা করে টয়লেট নির্মান ও সংস্কার করা হয়েছে;
- সাইলোর জন্যে একটি প্রধান ফটক নির্মান করা হয়েছে;
- নিরাপত্তা নিরবিচ্ছিন্ন রাখতে সর্বমোট ২৯ টি সি সি ক্যামেরা সংযোজন করা হয়েছে;
- পানির অভ্যন্তরীণ নিকাশনের জন্যে সাইলোর বিভিন্ন অংশে ড্রেন নির্মান করা হয়েছে;
- সাইলোর কর্মকর্তা/কর্মচারী এবং সেবা গ্রহীতাদের জন্য বিশুদ্ধ পানির ব্যবস্থার জন্য ৭ (সাত) টি ওয়াটার ফিল্টার বসানো হয়েছে;
- আশুগঞ্জ সাইলোর পরিবেশের জন্য ক্ষতিকর ৭০টি ছোট-বড় ইউক্যালিপটাস গাছ কর্তন করা হয়েছে;
- গানি গুদাম এর সামনে RCC ঢালাইকরণ কাজ সম্পন্ন করা হয়েছে;
- রেস্ট হাউজ, সাইলো অধীক্ষক, রক্ষণ প্রকৌশলী ও সহকারী রক্ষণ প্রকৌশলীর বাসভবনের সামনে SS এর ২টি নান্দনিক গেট নির্মান করা হয়েছে;
- ব্যাগিং হাউজের পার্শ্বে শ্রমিকদের বসার জন্য ১ টি শেডসহ আধুনিক বসার স্থান স্থাপন করা হয়েছে;
- এএমই স্যারদের বাসা পর্যন্ত RCC ঢালাইকৃত রাস্তা নির্মাণ করা হয়েছে;
- বাউন্ডারী ওয়াল মেরামত/নির্মাণ করা হয়েছে;
- আশুগঞ্জ সাইলোর ৮১ প্রকার অকেজো মালামাল কোটেশনের মাধ্যমে নিলামে বিক্রয় করা হয়েছে;
- সাইলোর অভ্যন্তরে রাস্তা সংলগ্ন দৃষ্টিনন্দন বাউন্ডারী নির্মান করা হয়েছে।

২০২৪-২৫ অর্থ বছরের প্রধান অর্জনসমূহঃ

- সাইলোর সর্বোচ্চ ধারণক্ষমতার বাস্তবায়ন।
- প্রতি মাসে ৭,৫০০ মে.টন গম গ্রহণ ও বিতরণ সহকারে বাৎসরিক ৮৫,৮৩৬.০৬৩ মে.টন গম গ্রহণ ও বিতরণ।
- অডিট আপত্তি সমূহের নিষ্পত্তিকরণ।
- সাইলোর ডাটাবেজ আপডেটকরণ।
- প্রত্যেক কর্মচারীকে বছরে কমপক্ষে ২৪ কর্মঘন্টা অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদান।
- প্রত্যেক কর্মচারীর রক্ষণাবেক্ষণ কাজে সেফটি ইউনিফর্ম বাধ্যতামূলক।
- সম্পূর্ণ সাইলোতে অগ্নি নির্বাপক সংযোজন।
- সাইলোর অপারেশন ও রক্ষণাবেক্ষণ কাজে উন্নত প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করা।
- গ্রহণ এবং প্রেরণ কার্যে সক্ষমতা বৃদ্ধিকরণ।
- অপারেশন ও রক্ষণাবেক্ষণ কাজে জড়িত ব্যক্তিদের অভ্যন্তরীণ প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ।
- উন্নত কর্মপরিবেশ সৃষ্টি।
- সাইলোর বিএমআরইকরণ কাজ সম্পন্নকরণ।